# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৪১. যে রাতটি লাইলাতুল কদর হবে সেটি বুঝার কি কোন আলামত আছে?

হ্যাঁ! সে রাতের কিছু আলামত হাদীসে বর্ণিত আছে। সেগুলো হলো:

১. রাতটি গভীর অন্ধকারে ছেয়ে যাবে না।

২. নাতিশীতোষ্ণ হবে অর্থাৎ গরম বা শীতের তীব্রতা থাকবে না।

৩. মৃদুমন্দ বাতাস প্রবাহিত হতে থাকবে।

৪. সে রাতে ইবাদত করে মানুষ অপেক্ষাকৃত অধিক তৃপ্তিবোধ করবে।

৫. কোন ঈমানদার ব্যক্তিকে আল্লাহ স্বপ্নে হয়তো তা জানিয়েও দিতে পারেন।

৬. ঐ রাতে বৃষ্টি বর্ষণ হতে পারে।

৭. সকালের হালকা আলোকরশ্মিসহ সূর্যোদয় হবে। যা হবে পূর্ণিমার চাঁদের মতো।

(সহীহ ইবনে খুযাইমাহ- ২১৯০, বুখারী- ২০২১, মুসলিম- ৭৬২ নং হাদীস)

Source — https://www.hadithbd.com/books/link/?id=15226

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন